

- বর্ষ ২০১৭
- সংখ্যা ০৪
- অক্টোবর- ডিসেম্বর



GHASHFUL

উন্নয়ন বিষয়ক ত্রৈমাসিক

ঘাসফুল বাতী

প্রকাশনার ১৬ বছর

পিকেএসএফ উন্নয়ন মেলায় ঘাসফুলের অংশগ্রহণ

ঘাসফুল স্টলে প্রদর্শিত 'হাটহাজারীর মিষ্টি মরিচ' সম্ভাবনাময় পণ্য হিসেবে পুরস্কার লাভ



এবারে পিকেএসএফ উন্নয়ন মেলায় ঘাসফুলের স্টলে প্রদর্শিত সম্ভাবনাময় পণ্য হিসেবে 'হাটহাজারীর মিষ্টি মরিচ' তৃতীয় পুরস্কার লাভ করে। গত ৩ নভেম্বর ঢাকাস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে পিকেএসএফ এর সভাপতি ড. কাজী খলীকুজ্জমান আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত উন্নয়ন মেলা ২০১৭ এর সমাপনী অনুষ্ঠানে ঘাসফুলের পক্ষে পুরস্কার গ্রহণ করেন সংস্থার প্রধান নির্বাহী কর্মকর্তা আফতাবুর রহমান জাফরী। সমাপনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশে ভিয়েতনামের রাষ্ট্রদূত মি. তরন ভ্যান খাওয়া, পিকেএসএফ এর ব্যবস্থাপনা পরিচালক ও সাবেক মুখ্য সচিব মোঃ আবদুল করিম। উল্লেখ্য মেলায় অংশগ্রহণকারী ৯০টি সহযোগী সংস্থার ১৩৩টি স্টলের মধ্যে ৩টি প্রতিষ্ঠানকে সেরা স্টল এবং মেলায় প্রদর্শিত পণ্য সামগ্রীর মধ্যে তিন প্রতিষ্ঠানের তিনটি পণ্যকে সেরা সম্ভাবনাময় পণ্য হিসেবে স্বীকৃতি প্রদান করা হয়। সম্ভাবনাময় পণ্যগুলোর মধ্যে- ১ম হয়েছে এস কে এস ফাউন্ডেশনের বাসক চা, ২য় দ্বীপ উন্নয়ন সংস্থার চাঁওয়া সুটকী এবং ৩য় ঘাসফুলের হাটহাজারীর মিষ্টি মরিচ। এসময় উপস্থিত ছিলেন পিকেএসএফ বোর্ড মেম্বর ড. আবুল কাশেম, প্রফেসর এ.কে.এম. নুরুন নবী, পিকেএসএফ এর উপ-ব্যবস্থাপনা পরিচালক ড: মো: জসীম উদ্দিন, মো: ফজলুল কাদের, গোলাম তৌহিদ প্রমুখ। ➡ বাকী অংশ ১১ পৃষ্ঠায় দেখুন

ঘাসফুল বাস্তবায়নাধীন সমৃদ্ধি কার্যক্রম পরিদর্শনে পিকেএসএফ এর উপ-ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন

দরিদ্র মানুষের কল্যাণে কাজ করুন

সমৃদ্ধি কেন্দ্র স্থানীয় জনগণের সকল উন্নয়নের কেন্দ্র হিসেবে ব্যবহার হবে। এলাকার উন্নয়নকে ত্বরান্বিত করতে গুমান মর্দন ইউনিয়নের ৬নং ওয়ার্ডে এ সমৃদ্ধি কেন্দ্রটি স্থাপন করা হয়েছে। স্থানীয় দাতাদের সহযোগিতায়ও দরিদ্র মানুষের কল্যাণে কাজ করা সম্ভব। আসুন আমরা সবাই মিলে সম্মিলিতভাবে দরিদ্র মানুষের কল্যাণে কাজ করি। ঘাসফুল এবং পিকেএসএফ সবসময় আপনাদের পাশে থাকবে। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের সহায়তায় হাটহাজারী গুমান মর্দন ইউনিয়নে ঘাসফুল বাস্তবায়নাধীন সমৃদ্ধি কর্মসূচি'র আওতায় গত ২১ নভেম্বর স্থানীয় সৈয়দপাড়ায় সমৃদ্ধি কেন্দ্র উদ্বোধন উপলক্ষে আয়োজিত মতবিনিময় সভায় পিকেএসএফ এর উপ-ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। উক্ত সভায় সভাপতিত্ব করেন গুমান মর্দন ইউপি চেয়ারম্যান মুজিবুর রহমান মুজিব। মতবিনিময় সভার পূর্বে ড. মোঃ



জসীম উদ্দিন, পিকেএসএফ প্রতিনিধি দল, স্থানীয় জনপ্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তিবর্গদের নিয়ে গুমান মর্দন ইউনিয়নের ৬নং ওয়ার্ডে সামাজিক উন্নয়ন কেন্দ্র হিসেবে স্থাপিত সমৃদ্ধি কেন্দ্রটি উদ্বোধন করেন। তারও পূর্বে সকাল সাড়ে নয়টায় পিকেএসএফ এর প্রতিনিধি

দলটি গুমান মর্দন ইউনিয়নে বাস্তবায়নাধীন সমৃদ্ধি কর্মসূচি'র বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম পরিদর্শন করেন। তারা ভিক্ষুক পুনর্বাসন কার্যক্রম ও সমৃদ্ধি বাড়ি পরিদর্শন করেন। প্রতিনিধি দল ভিক্ষুক পুনর্বাসন কার্যক্রমে পুনর্বাসিত উদ্যমী সদস্য ➡ বাকী অংশ ২য় পৃষ্ঠায় দেখুন